

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
বাজিতপুর, কিশোরগঞ্জ।  
ucobajitpur@gmail.com

স্মারকনং - ৪৭.৬১.৪৮০৬.০০০.৪২.০৫০.২০-১২০


তারিখঃ ১৫/০৩/২০২৩খ্রি.

অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় সকল অধঃস্থন দপ্তর/সংস্থার জন্য একটি সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত সেবা চূড়ান্ত করণের লক্ষ্যে বিগত ০১/০২/২০২৩ তারিখে সমবায় অধিদপ্তর, ঢাকায় অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা কার্যালয়সমূহের জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” বিষয়টি নির্বাচন করত উক্ত “সেবা সহজীকরণ” এর ধাপসমূহ নিম্নরূপ নির্ধারণ করা হলো।

| ক্রঃ নং | প্রস্তাবিত ধাপসমূহ   |
|---------|--|
| ১.      | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্যাট পূরণ।   |
| ২.      | পূরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরণ।  |
| ৩.      | উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ নথিতে উপস্থাপন।   |
| ৪.      | সমিতির শেয়ার মূলধন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্দে জেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পূর্বক জেলায় প্রেরণ। সমিতির শেয়ার মূলধন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ প্রদান করবে। |
| ৫.      | জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ ও ডাইরিভুক্তকরণ।   |
| ৬.      | জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন।  |
| ৭.      | জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ই-মেইল বা নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্রেরণ।   |

০২. এ অবস্থায় সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ধারা ১৮(৫) মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” এর ক্ষেত্রে বিদ্যমান ধাপসমূহের ক্ষেত্রে উল্লিখিত ধাপসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।



আনোয়ারা বেগম

উপজেলা সমবায় অফিসার  
বাজিতপুর, কিশোরগঞ্জ।


স্মারক নং - ৪৭.৬১.৪৮০৬.০০০.৪২.০৫০.২০-১২০/১(২)

তারিখঃ ১৫/০৩/২০২৩খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, বাজিতপুর, কিশোরগঞ্জ।

০২। ..... সভাপতি/সম্পাদক, ..... সমবায় সমিতি লিঃ, বাজিতপুর, কিশোরগঞ্জ।



উপজেলা সমবায় অফিসার  
বাজিতপুর, কিশোরগঞ্জ।